

তৃঁতচাষ প্রযুক্তি ও ব্যবস্থাপনা



বাংলাদেশ রেশম গবেষণা ও
প্রশিক্ষণ ইনসিটিউট, রাজশাহী
বন্দু ও পাট মন্ত্রণালয়

তুঁতচাষ প্রযুক্তি ও ব্যবস্থাপনা

উচ্চ ফলনশীল তুঁতজাত

রেশম শিল্পকে দেশে সুপ্রতিষ্ঠিত করতে হলে একক পরিমাণ জমিতে পর্যাপ্ত পরিমাণে পুষ্টিমানসম্পন্ন তুঁতপাতা উৎপাদন নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে বিএসআটাই ৯টি উচ্চ ফলনশীল তুঁতজাত উদ্ভাবন করেছে এবং প্রথম ৫টি জাত ইতোমধ্যে মাঠ পর্যায়ে সাধারণ চাষীদের কাছে পৌছানো সম্ভব হয়েছে। অবশিষ্ট তুঁতজাতগুলি মাঠ পর্যায়ে ছাড়ার অপেক্ষায় প্রক্রিয়াধীন রয়েছে।

উচ্চফলনশীল তুঁতজাতের পাতার উৎপাদন (মেট্টা/হেক্টর/বছর)

বি এম-১	৩০.০০	বি এম-৬	৩৫.০০
বি এম-২	২৯.০০	বি এম-৭	৩৭.০০
বি এম-৩	৩৫.৫০	বি এম-৮	৩৭.২০
বি এম-৪	৩৬.৫০	বি এম-৯	৪০.৫০
বি এম-৫	৩৫.৫০		

তুঁতচাষ প্রযুক্তি

আমাদের দেশে সাধারণতঃ ঝুপি, ঝাড় ও গাছ পদ্ধতিতে তুঁতচাষ করা হয়। বাংলাদেশের আবহাওয়া ও ভূমির অবস্থা বিবেচনায় সমতল ভূমিতে উচ্চবুপি, পাহাড়ী এলাকায় ঝাড় এবং রাস্তা, বাঁধ, জমির আইল ও বাড়ীর আনাচে কানাচে গাছ তুঁতচাষ করার জন্য উপযোগী। তুঁতচাষের প্রাথমিক পর্যায়ে কাটিংস থেকে তুঁতচারা উৎপাদন করা হয় এবং উৎপাদিত তুঁতচারা উচ্চবুপি, জোড়সারি উচ্চবুপি, ঝাড় ও গাছ তুঁতচাষে ব্যবহৃত হয়।

উচ্চবুপি চাষ

গর্তের মাপঃ ৩০সে:মি:× ৩০সে:মি: × ৩০ সে:মি:
সারি হতে সারি, গাছ হতে গাছের দূরত্বঃ ৯০সে:মি:× ৯০সে:মি:

গর্ত প্রতি সারের পরিমাণঃ

- ❖ জৈব সার-১.০-১.৫ কেজি
 - ❖ ইউরিয়া-২৮ গ্রাম
 - ❖ টিএসপি- ১৪ গ্রাম
 - ❖ এমপি- ০৯ গ্রাম
- গাছের আসল উচ্চতাঃ
 ২২ সে:মি: (রোপনের পর)+৮
 সে:মি: (১ম বছর) = ৩০ সে:মি:।



জোড় সারি উচ্চবুপি

জমির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে

তুঁতচাষের সাথে কৃষি ফসলের চাষাবাদ করে আর্থিক সুবিধা বৃদ্ধির লক্ষ্যে এ পদ্ধতি প্রবর্তন করা হচ্ছে।

গর্তের মাপঃ ৩০ সে:মি:× ৩০ সে:মি:× ৩০ সে:মি:

জোড় সারির দূরত্বঃ ৯০ সে:মি:+১৮০ সে:মি:× ৬০ সে:মি:

গর্ত প্রতি সারের পরিমাণ :

- ❖ জৈব সার- ১-১.৫ কেজি
 - ❖ ইউরিয়া- ২৮ গ্রাম
 - ❖ টিএসপি- ১৪ গ্রাম
 - ❖ এমপি- ০৯ গ্রাম
- গাছের আসল উচ্চতাঃ
 ২২ সে:মি: (রোপনের পর) + ৮
 সে:মি: (১ম বছর) = ৩০ সে:মি:।



ঝাড় তুঁতচাষ

গর্তের মাপঃ ৮৫সে:মি: × ৮৫সে:মি: × ৮৫সে:মি:।

সারি হতে সারি, গাছ হতে
 গাছের দূরত্বঃ ১৫০সে:মি: ×
 ১২০সে:মি:।



গর্ত প্রতি সারের পরিমাণঃ

- ❖ জৈব সার ২-৩ কেজি
- ❖ ইউরিয়া- ৬০ গ্রাম,
- ❖ টিএসপি- ৩০ গ্রাম,
- ❖ এমপি- ২০ গ্রাম।

ঝাড়ের আসল উচ্চতাঃ ৮৫ সে:মি: (রোপনের পর) + ৩০সে:মি: (১ম
 বছর) + ৩০সে:মি: (২য় বছর) + ১৫সে:মি: (৩য় বছর) = ১২০ সে:মি: বা ৪ফুট।

গাছতুংত চাষ

সেচের আওতায় গাছ তুংতচাষ

গর্তের মাপঃ ৪৫ সে:মি: × ৪৫
 সে:মি: × ৪৫ সে:মি:। সারি হতে
 সারি, গাছ হতে গাছের দূরত্বঃ
 ২৪০সে:মি: × ২৪০সে:মি:।



গর্ত প্রতি সারের পরিমাণঃ

- ❖ জৈব সার - ৩-৪ কেজি ❖ ইউরিয়া - ১১০ গ্রাম
 - ❖ টিএসপি - ৫৫ গ্রাম ❖ এমপি - ৩৫ গ্রাম
- গাছের আসল উচ্চতা : ১৮০ সে:মি: (রোপনের পর) + ৬০ সে:মি: (১ম বছর) +
 ৩০ সে:মি: (২য় বছর) + ৩০সে:মি: (৩য় বছর) = ৩০০ সে:মি: বা ৩ মিটার।

বৃষ্টি নির্ভর গাছতুংত চাষ

গর্তের মাপঃ ৪৫ সে: মি: × ৪৫ সে: মি: × ৬০ সে:মি:
 সারি হতে সারি, গাছ হতে গাছের দূরত্বঃ ১৮০ সে:মি: × ১৮০ সে:মি:

গর্ত প্রতি সারের পরিমাণঃ

- ❖ জৈব সার - ৫ কেজি ❖ ইউরিয়া - ১১০ গ্রাম
 - ❖ টিএসপি- ৫৫ গ্রাম ❖ এমপি - ৩৫ গ্রাম
- গাছের আসল উচ্চতাঃ ১৮০ সে:মি: (রোপনের পর) + ৪৫-৬০ সে:মি:
 (১ম বছর) + ৩০ সে:মি: (২য় বছর) + ১৫-৩০ সে:মি: (৩য় বছর) =
 ২৭০-৩০০ সে:মি: বা ৯-১০ ফুট।

তুঁতচাষ ব্যবস্থাপনা গাছ ছাঁটাই

বন্দের নাম	উচ্চবুপি	বাঢ়	গাছ
চৈতা	আসল উচ্চতা থেকে ৬-৮ সেমি: উপরে		
জ্যৈষ্ঠা	৪৫ সেমি:	৭৫ সেমি:	৭৫ সেমি:
ভাদুরী	আসল উচ্চতা থেকে ১০-১৫ সেমি: উপরে		
অগ্রাহণী	আসল উচ্চতায় মাঝী ছাঁটাই করা।		

খোড় ও নিড়ানী (গতীরতা)

বন্দের নাম	উচ্চবুপি	বাঢ়	গাছ
চৈতা	৭-১০ সেমি:	১০-১৫ সেমি:	১০-১৫ সেমি:
জ্যৈষ্ঠা	৭-১০ সেমি:	১০-১৫ সেমি:	১০-১৫ সেমি:
ভাদুরী	৭-১০ সেমি:	১০-১৫ সেমি:	১০-১৫ সেমি:
অগ্রাহণী	১৫ সেমি:	২৫ সেমি:	২৫ সেমি:

জৈব ও রাসায়নিক সার প্রয়োগ

জৈব/ রাসায়নিক সার (হেষ্টের প্রতি)	উচ্চবুপি	বাঢ়ত্তে (বাঢ় প্রতি)	গাছত্তে (গাছ প্রতি)
গোবর সার	১৫-২০ মেট্টা:	৩-৪ কেজি	৪-৫ কেজি
ইউরিয়া	৬৬৬ কেজি	১১০ গ্রাম	২২০ গ্রাম
টিএসপি	৩৩৩ কেজি	৫৫ গ্রাম	১১০ গ্রাম
এমপি	২১০ কেজি	৩৫ গ্রাম	৭০ গ্রাম

জৈব সার এককালিন মাঝী খোড়ের পর ও রাসায়নিক সার ৪ ভাগের ১ ভাগ প্রতি বন্দে খোড়ের পর প্রয়োগ করতে হবে। বৃষ্টি নির্ভর তুঁতচাষের ক্ষেত্রে রাসায়নিক সার নির্ধারিত মাত্রার অর্ধেক বর্ষার আগে ও পরে দুই বারে প্রয়োগ করতে হবে।

পানি সেচ ও মালচিং

খোড়া মৌসুমে নভেম্বর হতে এপ্রিল পর্যন্ত পলি দো-আঁশ জমিতে ১৫ দিন এবং বেলে দো-আঁশ জমিতে ৭-১০ দিন অন্তর ১ বার সেচ দিতে হবে। জমিতে জো হলে হালকা খোড় দিতে হবে।

তুঁতগাছের রোগ

পাউডারি মিলিডিউ রোগ

এটি একটি ছত্রাক জাতীয় রোগ এবং ফাইলাকটিনিয়া কোরিলিয়া (*Phyllactinia corylea*) নামক জীবাণুর আক্রমনে সংক্রান্ত হয়। এ রোগ প্রধানত শীতকালে বিস্তার লাভ করে। রোগ আক্রমনের পূর্বে ডাইথেন এম-৪৫ নামের ছত্রাকনাশক শতকরা ০.২ ভাগ পাতায় ছিটালে রোগ প্রতিরোধ করা সম্ভব হয়।



লিফস্পট রোগ

শীতকালে মে থেকে সেপ্টেম্বর পর্যন্ত সারকোস্পোরা মোরিকোলা (*Cercospora moricola*) নামক ছত্রাকের আক্রমনের ফলে এ রোগের সৃষ্টি হয়। গাছ ছাঁটাইয়ের ৩ সপ্তাহ পর ছত্রাকনাশক ছিটালে এ রোগের আক্রমন প্রতিরোধ করা সম্ভব।



তুঁতচারার উইল্ট রোগ

তুঁতকাটিৎ হতে তুঁতচারা গজানোর সাথে সাথেই ক্লোরোসিয়াম রলফসি (*Sclerotium rolfsii*) নামক ছত্রাকের আক্রমণে এ রোগ বিস্তার লাভ করে। রোগের জীবাণু মাটিতে সৃষ্টি অবস্থায় থাকে। তাই ছত্রাকনাশক দ্বারা মাটি বিশেধন করে তুঁতকাটিৎ রোপন করলে রোগ প্রতিরোধ করা যায়।

তুঁতগাছের কৃমিরোগ

মেলাইডোজাইন ইন্কগনিটা (*Meloidogyne incognita*) নামের কৃমির আক্রমণে এ রোগের সৃষ্টি হয় বলে একে কৃমিরোগ বলে। কৃমি রোগ হলে শিংকড়ে গিট্টের সৃষ্টি হয় এবং গাছ মারা যায়। কুরাটার ৫ জি হেক্টরপ্রতি ১০ কেজি ২৮ দিন অন্তর মোট ৩ বার প্রয়োগ করলে এ রোগ দমন করা যায়। উল্লেখ্য যে কুরাটার ৫ জি প্রয়োগের পর জমিতে অবশ্যই পানি সেচ দিতে হবে যেন মাটি ২৪ ঘন্টা ভেজা থাকে। শেষবার ঔষধ প্রয়োগের পর ৫০ দিন পর্যন্ত পাতায় বিষক্রিয়া থাকে।



তুঁতগাছের টুকরা রোগ

টুকরা রোগ হলে ডালের ডগার পাতা কঁচকিয়ে এবং কঁকড়িয়ে যায়, নতুন পাতার বৃদ্ধি থেমে যায় এবং আক্রান্ত ডাল চ্যাঙ্গা আকৃতি ধরণ করে। মিলিবাগ, ত্রিপস, সাদা মাছি, হপার ইত্যাদি পোকা



পাতার রস চুম্বে খাওয়ার ফলে ভাইরাসের দ্বারা আক্রান্ত হয়ে টুকরা রোগের সৃষ্টি হয়। এ রোগ প্রতিরোধের জন্য পোকা দমন করা জরুরী। পোকা দমনের জন্য মেটাসিস্টক্র- আর শতকরা ০.১ ভাগ দ্রবণ পাতায় ছিটালে ভাল ফল পাওয়া যায়। ঔষধ ছিটানোর ২১ দিন পর পাতা পলুকে খাওয়ানো যাবে না।

লিফ চাফার এবং পাতা খেকে পোকা

কিছু কিছু পোকা আছে যেগুলি তুঁতপাতা খেয়ে রেশম চামের ক্ষতি সাধন করে। যেমন- চাফার, বিছাপোকা, সবুজ ঘাস ফড়িং ইত্যাদি। এই পোকাগুলির উপস্থিতি শীত শ্রীম সব ঝাতুতেই দেখা যায়। ১০ লিটার পানিতে মেটাসিস্টক্রস- আর/মনোক্রটোফস/ ম্যালাথিন ১০ এম. এল মিশিয়ে ৭ দিন অন্তর ২ বার প্রয়োগ করলে পোকা দমন করা যায়। ঔষধ প্রয়োগের ২১ দিন পর্যন্ত পাতায় বিষক্রিয়া থাকে।

তুঁতগাছের কান্ড ছিদ্রকারী রোগ

কান্ডছিদ্রকারী পোকা (*Stem borer*) তুঁতগাছের কান্ড ছিদ্র করে কান্ডের ভিতর সুড়ঙ্গ পথের সৃষ্টি করে। পোকা কাঠের রস চুম্বে

খাওয়ার ফলে কান্দে পানি পরিবহণ কোষগুলি ধ্রংস হয় এবং পানি ও খাদ্যের অভাবে গাছ মারা যায়। গাছের উপরের ছিদ্র বাদ রেখে নিচের অন্যান্য ছিদ্রগুলি কাঁদা মাটি দিয়ে বন্ধ করে উপরের ছিদ্রে মিঃলি: কেরোসিন প্রয়োগ করে ছিদ্রটি বন্ধ করলে পোকা মারা যায়। এছাড়া ডাইমেক্সন-১০০ এস সি ডাল্টও নামক কীটনাশকের শতকরা ০.৫ ভাগ দ্রবণ কান্দের ছিদ্রে প্রয়োগ করে এ রোগ দমন করা যায়।



উইপোকা

উইপোকা গাছের শিকড় কুরে কুরে খায় এবং অনেক সময় কান্দের ছালও কুরে খেতে দেখা যায়। এরা মাটিতে বাসা বেঁধে বাস করে এবং গাছের ক্ষতি করে। হেন্টাকোর পাউডার/রিজেন্ট নামক কীটনাশক বিষা প্রতি ৭৫০ গ্রাম মাটিতে ছিটিয়ে মাটির সাথে মিশিয়ে উইপোকা দমন করা যায়। কান্দে উইপোকার আক্রমণ হলে ডাইঅলড্রিন নামক কীটনাশকের শতকরা ০.২ ভাগ মিশ্রণ কান্দে ছিটিয়ে পোকা দমন করা যায়। কীটনাশকটির বিষক্রিয়া ২১ দিন পর্যন্ত থাকে।



বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন :

পরিচালক

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনসিটিউট

বালিয়াপুরু, রাজশাহী-৬২০৭

টেলিফোন : ৮৮০-৭২১-৭৭৬২৯৬

৭৭১৭০৮-০৫ (পিএবিএআর)

ফ্যাক্স : ৮৮০-৭২১-৭৭০৯১৩

ই-মেইল : bsrti@btbb.net.bd

ওয়েব সাইট : www.bsrti.gov.bd

প্রকাশকাল : জুন ২০০৮